

## গাইবান্ধা সরকারি কলেজের অধ্যক্ষের দুর্নীতির বিরুদ্ধে ছাত্রলীগের বিক্ষোভ

গাইবান্ধা প্রতিনিধি

২২ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২২ সেপ্টেম্বর ২০১৯ ০০:১০



গাইবান্ধা সরকারি কলেজের অধ্যক্ষের দুর্নীতির বিরুদ্ধে ছাত্রলীগের বিক্ষোভ

গাইবান্ধা সরকারি কলেজের অধ্যক্ষ মো. মিজানুর রহমানের নানা অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে বাংলাদেশ ছাত্রলীগ গাইবান্ধা সরকারি কলেজ শাখার উদ্যোগে গতকাল একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করে অধ্যক্ষের কার্যালয়ের সামনে এসে সমবেত হয়। এ সময় বক্তারা জানান, গাইবান্ধা সরকারি কলেজটি অধ্যক্ষ তার নিজস্ব সম্পত্তিতে পরিণত করেছেন। কলেজের চলমান প্রত্যেক উন্নয়নমূলক কর্মকাণ্ডে অধ্যক্ষ ব্যাপক দুর্নীতির আশ্রয় নিচ্ছেন। কলেজের মাঠ ভরাটের জন্য শিক্ষা প্রকৌশল বিভাগ থেকে টেন্ডারের মাধ্যমে একজন ঠিকাদার দায়িত্ব পান। কিন্তু ওই ঠিকাদার কোনো কাজ ছাড়াই অধ্যক্ষের যোগসাজশে সম্পূর্ণ বিল তুলে নিয়েছেন। এ ছাড়া শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা হোস্টেলের সামনে মাটি ভরাট প্রকল্পের কাজ দৃশ্যমান নয়। ছেলেদের হোস্টেল নির্মাণ, কলেজের দুটি গেট নির্মাণ এবং অধ্যক্ষের কার্যালয় নির্মাণ এখন চলমান রয়েছে। সেসব কাজ থেকে অধ্যক্ষ কোটি টাকা দুর্নীতির মাধ্যমে হাতিয়ে নিয়েছেন বলে তারা অভিযোগ করেন।

ডিগ্রি প্রথম বর্ষের রেজিস্ট্রেশন কার্ডে শতাধিক ছাত্রছাত্রীর ভুল তথ্য এসেছে। এ বিষয়ে অধ্যক্ষকে অবগত করা হলেও নানা বাহানা দিয়ে সময়ক্ষেপণ করছেন তিনি।

বিক্ষোভ মিছিল ও সমাবেশ শেষে কলেজের প্রশাসনিক ভবনে অধ্যক্ষকে আধা ঘণ্টা অবরোধ করে রাখেন শিক্ষার্থীরা। পরে অধ্যক্ষ রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের আশ্বাস দিলে অবরোধ তুলে নেওয়া হয়।

কলেজ শাখার সহ-সভাপতি আব্দুল মোম্নাফ মাছুমের সভাপতিত্বে এবং কলেজ শাখার যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রউফের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক আহমেদ, কলেজ শাখার সাংগঠনিক সম্পাদক নাইমুল ইসলাম বিশাল, সদর উপজেলা ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক সুমন সরকার জয় প্রমুখ।

advertisement